



কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

(রেজিঃ নং- ৪৩ অফ ১৯৪৭) :: লাইসেন্স নং- ইউ.বি.ডি/ডব্লিউ.বি.-৬৫২ পি

কাঁথি :: পূর্ব মেদিনীপুর

স্মারক সংখ্যা : ০৮/এ. আর.ও/২০২৩-২৪

তারিখ : ৩১/০১/২০২৪

প্রতিনিধি নির্বাচন - ২০২৪

(Delegate Election- 2024)

খসড়া ভোটার তালিকা (Draft Voter Roll) সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ইলেকশন কমিশনের মাননীয় সচিবের ২৮/১০/২০২২ তারিখের আদেশ (যার নং- 3079-CEC/IV-01/2012-2013) দ্বারা কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড এর সহকারী রিটার্নিং অফিসার (ARO) নিযুক্ত ও দায়িত্বপ্রাপ্ত হইয়া এবং মহামান্য কলিকাতা হাইকোর্টের WPA(P)570 of 2022 মামলার গত ০৪/০১/২০২৪ তারিখের আদেশানুসারে উক্ত ব্যাঙ্কের সমস্ত সদস্য, সদস্যা ও সংশ্লিষ্ট ব্যক্তিগণকে জানানো যাইতেছে যে, উক্ত ব্যাঙ্কের প্রতিনিধি (Delegate) নির্বাচন নিমিত্ত খসড়া ভোটার তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি অদ্য প্রকাশিত হইল।

উক্ত নির্বাচন সংক্রান্ত নির্বাচনক্ষেত্র ভিত্তিক খসড়া ভোটার তালিকা (Draft Voter Roll) ব্যাঙ্কের প্রধান কার্যালয়ের প্রশাসন ও উন্নয়ন বিভাগ (A&D Cell) এবং ব্যাঙ্কের সমূহ শাখা অফিসে ইংরাজি ০২/০২/২০২৪ তারিখ হইতে ইংরাজি ১৯/০২/২০২৪ তারিখ পর্যন্ত নোটিস বোর্ডে টাঙ্গানো থাকিবে। উক্ত খসড়া ভোটার তালিকা সংক্রান্ত কোন সংযোজন, সংশোধন কিংবা বিয়োজন বিষয়ে কোন আপত্তি / অভিযোগ থাকিলে উপযুক্ত প্রমাণ তথ্যাদি সহ আবেদনকারী ব্যাঙ্কের প্রশাসন ও উন্নয়ন বিভাগ অথবা সংশ্লিষ্ট শাখা অফিসে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নিকট সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে প্রাপ্তি স্বীকার সাপেক্ষে জমা করিতে পারিবেন।

প্রাপ্ত অভিযোগ/ আপত্তির উপরে আগামী ইংরাজী ২০/০২/২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত সহকারী রিটার্নিং অফিসার দ্বারা কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড এর প্রধান কার্যালয়, কাঁথি, পূর্ব মেদিনীপুর অফিসগৃহে শুনানী হইবে।

অভিযোগকারীকে ব্যক্তিগত ভাবে উপযুক্ত প্রমানাদি সহ শুনানির দিন উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে। অন্যথায় এক তরফা সিদ্ধান্ত গৃহীত হইবে। শুনানি অস্তে চূড়ান্ত ভোটার তালিকা তৈরী করা হইবে (Shall be drawn) এবং মহামান্য কলিকাতা হাইকোর্টের সমীপে দাখিল করা হইবে।

তারিখ : ৩১/০১/২০২৪

স্থান- কাঁথি



শংকর কুমার প্রধান ৩১/০১/২৪

(শংকর কুমার প্রধান)

সমবায় উন্নয়ন আধিকারিক

ও

সহকারী রিটার্নিং অফিসার

কন্টাই কো- অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

SANKAR KUMAR PRADHAN
Co-operative Development Officer

&

Assistant Returning Officer
Contai Co-operative Bank Ltd.